যুগান্তর

তারিখ ... 20 SEP 2015 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৪ ...

# ঢাবিতে শিক্ষার্থীকে আটকিয়ে মুক্তিপণ আদায় : বহিষ্কার ২

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাবির জগন্নাথ হলে বহিরাগত শিক্ষার্থীকে আটক করে মুক্তিপণ আদায়ের ঘটনায় দুই শিক্ষার্থীকে সাময়িকভাবে বহিষ্কারের নীতিগত সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এছাড়া ইতিমধ্যেই তাদের হল থেকে বহিষ্কার করা হয়েছে। শনিবার সন্ধ্যায় যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী।

বহিষ্কৃতরা হলেন, নিক্বলেশ চন্দ্র কর পলাশ এবং সুব্রত ভক্ত। এদের দু'জনই আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী এবং জগন্নাথ হলের আবাসিক ছাত্র। এছাড়া ওইদিনের ঘটনায় ভাস্কর্য বিভাগের শিক্ষার্থী পলাশ সাহার সম্পৃক্ততার যে বিষয়টি এসেছিল— সেটি ভুল ছিল বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ও জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার। তারা জানান, নামে মিল থাকায় ভুলে পলাশ সাহার নামটি চলে আসে। কিন্তু ঘটনার সঙ্গে তার কোনো সম্পৃক্ততা ছিল না। ভারপ্রাপ্ত প্রক্টর বলেন, ওই ঘটনার তদন্ত চলছে। প্রকৃত দোষীদের বিরুদ্ধে অপরাধ প্রমাণিত হলে ব্যবস্থা নেয়া হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বান্ধবীর কাছে এলে বহিরাগত এক শিক্ষার্থীকে জিম্মি করে ১৫ হাজার টাকা মুক্তিপণ করেছিল ওই দুই শিক্ষার্থী।